

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

হলে হলে

মাদকের আসর

ক্রক্ষেপ নেই

প্রশাসনের

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি •

ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সব আবাসিক হলে মাদকের আড়তার অভিযোগ পাওয়া গেছে। সম্প্রতি মাদকের সরবরাহ বেড়ে যাওয়ায় অনেক সাধারণ শিক্ষার্থীও আসক্ত হয়ে পড়েছেন। তবে বিশ্ববিদ্যালয় প্রশাসনের ক্রক্ষেপ না থাকায় মাদকাসক্তদের সংখ্যা দিন দিন বাড়ছে।

বোজ নিয়ে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের পেশ মোড় এলাকার কিছু অনাধু ব্যক্তি ও মোকামদার শিক্ষার্থীদের মাদক ও গাঁজা সরবরাহ করে থাকেন। এ গাঁজার প্রধান সরিষার বিশ্ববিদ্যালয়ের আবাসিক নরুটি হলের শিক্ষার্থীরা। শিক্ষার্থীরা সরবরাহকারীদের কাছ থেকে প্রতি পরিয়া গাঁজা ২০ থেকে ৫০ টাকায় কেনেন। তবে বিশ্ববিদ্যালয় প্রশাসন কোনো ব্যবস্থা না নেওয়ায় একদিকে ময়মন মাদকাসক্ত শিক্ষার্থীদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, অন্যদিকে মাদক ব্যবসায়ীদের হাতও বেশ শক্তিশালী হচ্ছে।

কয়েকজন শিক্ষার্থী জানান, মাদকসত্ত্বা হাতের কাছে পেয়ে এবং মাদকের মাদকাসক্ত 'বড় জাইদের' মাঝে এসে প্রথম বর্ষ থেকেই মাদককে বেশায় জড়িয়ে পড়ছেন। মাদকের মধ্যে ইয়াবা বড়ি সেবনের প্রবণতাও বেড়ে গেছে। প্রতিটি বড়ি ১০০-৫০০ টাকায় বিক্রি করা হচ্ছে।

নাম প্রকাশে অনিচ্ছুক এক মাদকসেবী শিক্ষার্থী বলেন, ইয়াবা বড়ির উৎস বিশ্ববিদ্যালয়ের পার্শ্ববর্তী কুণ্ডাটালী এলাকা। আবাসিক হলেগুলোতে কোনো উৎসব থাকলেই মাদক মদের আড্ডা। নানা ব্রান্ডের মদ সরবরাহ করে ময়মনসিংহ শহরের গাসিনারপাড় ও ত্রিভূ মোড় এলাকার কিছু মাদক ব্যবসায়ী। এ ছাড়া বাংলা মদের উৎস ব্রহ্মপুত্র নদের পাড়। মাদক হিসেবে হেরোইন নেওয়ার প্রবণতাও বেড়ে গেছে।

কয়েকজন সাধারণ শিক্ষার্থী বলেন, মাদকের দাম অত্যধিক হওয়ায় বিভিন্ন অনৈতিক উপায়ে টাকা জোগাড় করছে মাদকাসক্ত শিক্ষার্থী। এ বিষয়ে প্রশাসন দ্রুত ব্যবস্থা না নিলে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্ত্তি নষ্ট হবে। একই সঙ্গে ছাত্রদের শিক্ষাজীবনকে ধ্বংস করবে সর্বগ্রাসী মাদক।

জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক মো. সুলতান উদ্দিন জুঞা বলেন, শিক্ষার্থীদের মাদক গ্রহণের বিষয়টি প্রথম তুললাম। এ বিষয়ে বোজ নিয়ে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।